# युज्नी

শ্রীসারদাপ্রসাদ ঠাকুর রচিত।

J. N. Bose.
29, Durga Ch. Mitter St.
Calcutta.

আধাঢ়---১৩২৩

RINTED BY

K. C. Dey.

Shastraprachar Press,

5, Chidammudi's Lane, Calcutta.

# উৎসর্গ পত্র ৷

# ব্হুমানভাজন শ্রহ্মেয় স্থক্ষি ও ঔপন্যাসিক • শ্রীযুত মুনীন্দ্রপ্রসাদ সর্ব্বাধিকারী

স্থ্রত্বর করকমলেষু।

যে "মানস-সরোবরে"—"হৃদয়-লহরী" "প্রফুল্ল-নির্ম্মাল্য" দিয়া সাজা'ল স্থব্দর, ''মানস-কুঞ্জের" মাঝে বসিয়া যে জন "গাৰ্হস্থ্য-সন্ন্যাস" ধর্ম্ম দেখা'ল জগতে : "কুন্তুকৰ্ণী-নিদ্ৰা" তত্ত্বে "জীবন-বীমায়" "পাঁচ-ইয়ারের" র**ঙ্গে** রঙ্গ-ব্যঙ্গ যা**'র** ; "হিতবাণী" শুনাইল যে সিদ্ধ সাধক "নবীনের সংসারেতে" কশা যা'র করে— "শুভকর্মো গদ্য পদ্য" যাহার কৌডুক, "जनक्षावत्नत्र" पृष्ण त्य काँक काँपायः ; যা'র অভিনব স্থপ্তি "সমরে সেবক", সিদ্ধ হস্তে যে বাজায় "মুরজ-মুরলী"— সে সাহিত্য-মহারথী মুনীন্দ্রের করে जारथत "मूत्रली" मम फिलाम जाफरत ।

> গুণমুদ্দ শ্রীসারদাপ্রসাদ ঠাকুর।

# মুখবন্ধ।

যে মূরলী যমুনা-পুলিনে বাজিত, এ "মূরলী" সে মূরলী নহে—তবে মুরলী-ধারীর নাম কীর্ত্তন, মহিম্বস্তব, এ সাধের "মুরলী" কতক পরিমাণে করিতে পারে। মুরলীর ঘাঁহারা ভক্ত, তাঁহাদের প্রীত্যর্থেই আমার এ "মুরলী" রব— তাহা ক্ষীণ হইলেও তাহাতে ব্যাকুলতা আছে। ব্যাকুল হইয়া না ডাকিলে সাধনার ধনের সন্ধান পাওয়া যায় না। এ "মুরলী" ধ্বনি আমার আকুল আহ্বান। সে আহ্বান অন্যের ভাল না লাগিলেও আমার "সর্ববময়" : হয়ত একদিন তাহাতে বিচলিত হইবেন, আকৃষ্ট হইবেন—হয়ত একদিন আমার হৃদয়-বুন্দাবনে বিহার করিবেন—আর আমি কৃত-কৃতার্থ হইব। সেই শুভদিনের প্রতীক্ষায় "মুরলী" রবে আমি আপনাকে আপনি জাগাইয়া তুলিবার চেষ্টা করি-তেছি। আমার স্বগণ ও অন্যান্য শত্রু মিত্রও যদি আমার কর্কশ রবে জাগিয়া উঠেন, তাহা হইলে আমি অধিকতর ধন্ম হইব। ক্ষুদ্র আমি আমার বলিবার শক্তি নাই—

यिन হরি শ্বরণে সরসংমনো
यिन বিলাসকলাস্থ কুতৃহলম্।
মধুরকোমলকাস্ত পদাবলীং
শৃণু তদা জয়দেব সরস্বতীম্।

দীন ভিখারী আমি—"মুরলী" ধ্বনি ঘারে ঘারে করিব; যাঁহার ইচ্ছা, তিনি শুনিবেন; যিনি তাহাতে প্রীত হইবেন না, তিনি না হয় আমাকে তাড়াইয়া দিবেন। তঃখ কিসের ৪ ইতি—

> দীনাতিদীন সারদাপ্রসাদ।

# উপহার-পৃষ্ঠা।

<u>a</u> -		 William Control of the Control of th	 
	**************************************		



>

# বিরহে।

মিশ্র-ভূপালি-দাদ্রা। কোথা' আছ হে বঁধূ বারেকের তরে আসিয়া দেখা দাও হে। কোন নিরালায় আছ হে বসিয়া কেমনে কি ছল পাতি হে। কিশোরী কিশোরী—বাঁশরি ফুকারি' বারেক সাড়া দাও হে। তোমার বিরহে জীবন না রহে শুনহে মাধব বুঝ হে। হৃদি-সরোবরে তুমি প্রফুল্ল-কমল, বিষাদের মাঝে তুমি আনন্দ-হিল্লোল— এত যে মমতা, এত ভালবাসা, এসেছি হে বঁধূ ল'য়ে কত আশা, দিওনা যাতনা মরমবেদনা পরাণে শেল বাজে হে।

### 1मन-।

বিবিট-খাম্বাজ---একতালা। মধুর মধুর মন্দ পবনে, মধুর বাঁশরী বাজিছে সঘনে, মধুরে মজিয়া মুরলীর তানে নাচি'ছে যমুনা মলয়া সনে। রাধা রাধা রব পশিতে শ্রেবণে ধাইল কিশোরী আইল পুলিনে দরশিতে শ্যাম জীবন জীবনে ( মরি ) বাসনা পূরিত পরাণে। সারি সারি সারি গোপকুমারী চাঁদমালা যেন চারিদিকে ছেরি' তা'র মাঝে শোভে কিশোর-কিশোরী ( মরি ) শত বিধু জিনি' কিরণে। নাচে স্থাখে শিখী সে রূপ নেহারি, গায় শুক সারি যুগল মাধুরী, জয় জয় জয় কিশোর-কিশোরী ( মরি ) জয় জয় গান ভরিল বিপিনে।

### প্রেমের-সাগর।

মিশ্র-কার্ত্তন—একতালা। স্থধীর শাস্ত ক্ষমাবস্ত কে তুমি হে— ভূলোকে প্রেম পুলকে মাতালে হে। জগত মোহিল

> ভূবন গাহিল অমিয়-সাগরে ভাসিয়া হে। পতিত পাতকী

কেহ নহে বাকী
সবে শমনেরে ফাঁকি দিল হে।
কে তুমি কে তুমি নদীয়ার মাঝে
আপনি কাঁদিয়া কাঁদাও হে।
বিশ্ব-নাগর প্রেম-নাগর
বুঝি গোর গুণাকর হে;
হরিনাম গুণ সদা সন্ধীর্ত্তন
সন্ধীর্ত্তন-রস-বিভোর হে।

# निद्यमन !

দেশ কীৰ্ত্তন-একতালা निशा-श्रुतन्त्रत स्नुस्त निवत গৌর নাগর-বর হে। তোমার রূপের নাহি নাহি ওর ওহে প্রাণবন্নভ হে। দেখিনি নয়নে কখনও ভাবিনি ও রূপ ধাানেতে আসেনি হে: শ্রবণে শুনেছি, আপনি মজেছি তুমি অপরূপ মনোহর হে। তুমি প্রাণনাথ কি মনচোর আমি কেমনে জানিব হে। তুমি আছ হে অন্তরে যেওনা অন্তরে ডাকিলে সাড়া দিও হে ( আমি ) ডাকিলে সাড়া দিও হে। œ

### আকাওকা।

পরজ-মিশ্রিত কীর্ত্তন-একতালা শুধু চেয়ে র'ব মুখ পানে— সারাটী রজনী, শুন গুণমণি আমি পলক-বিহীন নয়নে। কুলের কামিনী কলক্ষ না মানি' শরণ লইমু চরণে। তুমি মোর জ্ঞান, তুমি মোর ধ্যান, আর কিছু নাহি মোর; এস এস সখা **मिटल** यि (मथा. ও রূপে হইমু ভোর। বসিতে আসন. কি দিব এমন এস. ব'স হৃদি' পরে: বাহুযুগে বাঁধি' রাখি নিরবধি

চুমি ও অধর পারে। ভান্সা বুক খানি রেখেছি হে পাতি' তোমার কামনা করি': হৃদয় ভরেছি প্রেম-সিন্ধু-নারে সিনা'ব যতন করি'। স্ফুরিত চিকুরে মুছাইব তব রাতুল চরণ তল; তাপিত পরাণ করিব শীতল লভিব তীরথ ফল। তুমি গো আমার, আমি গো তোমার. জীবনে অথবা মরণে. তুমি মোর সব, তুমি বিনা শব আমি গো শয়নে স্বপনে।

# **রূপোন্মাদিনী**।

কালেংড়া—একতালা।
কেনরে যোগীরে হেরে
অনঙ্গে অঙ্গ শিহরে।
জ্বর জ্বর কলেবর
ও বর আঁথির শরে।
হেরিয়া ও যোগীবরে
শ্যামরূপ মনে পড়ে
কি আছে উপায় স্থি বল বল রে

#### ভক্ষ। ভক্ষ।

রামকেলী—আড়া।
মান ভিক্ষা দেহ রাধে।
সাজিয়াছি যোগী, সথি,
আমি কি গো সাধে!
মান ভিক্ষা দেহি মে মানময়ি,
কুরু মে কুপাং রাধে;
''স্মর গরল খণ্ডনং
মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লব মুদারম্।"
বাদ নাহি সাধ প্রেম সাধে।

Ъ-

### প্রশ্ন ।

ষোগিয়া-কাওয়ালী। কে গো বিদেশিনী. কেন বিষাদিনী. দাঁড়ায়ে কুঞ্জের ঘারে। কিবা তুখরাশি বল গো প্রকাশি, কি ব্যথা মরম মাঝারে। তব মুখ হেরে. শ্যাম মনে পড়ে. ( আমি ) জর জর ওগো স্মর-শবে। কে তুমি ললনা, বল না. বল না কহ গো সরল অন্তরে। ওগো বিদেশিনী. আমি পাগলিনী যাচি পরিচয় সকাতরে কহ পরিচয় রাধারে।

### তত্ত্বকথা।

#### থাম্বাজ-একতালা।

কে রচিল ব্রহ্মাণ্ড বিশাল— কি স্বরূপ তাঁ'র কে বলিবে বল ! কত কথা শুনি, করি কাণাকাণি কেহ বলে ধ'ল কেহ বলে কাল। তিনি সাকার কি নিরাকার. কে জানে সে স্বরূপ সমাচার, সেই সত্য সনাতন পুরুষ কি নারী क जारन आभाग्न वल, वल, वल। কহ মোরে তাঁ'র কোথায় বসতি. কখন কি ভাবে কোথা' তাঁ'র স্থিতি. জানিতে সে তম্ব চিত ব্যাকুলিত. চিদানন্দ তিনি বিরাট বিপুল। কেহ বলে তিনি হ'ন সর্বব্যাপী জী বে শিব তিনি উদ্ধারেন পাপী যদি দেখা পাই, সব ভুলে যাই, অনায়াসে ভেদি ছার মর্ম্মন্তল।

### চিতা ও চিন্তা।

জংলা-একতাল।।

স্থন্দর স্থন্দর প্রকৃতি স্থন্দর ञ्चन्दत ञ्चन्दत भिनिन दत । জগত স্থন্দর আকাশ স্থন্দর নবমীর চাঁদ স্থানর রে। কাল মেঘ আসি.' আবরিল দিশি প্রবন হাঁকিল কি তান রে। হরিল প্রন ভামিনার এক নবনী-কোমল জীবন রে। ঝরিল নয়ন বিষাদ মগন বিসন্থ ভটিনী-ভটেতে রে। প্রিয়া-মুখ-শশী ভাবিতে ভাবিতে পাগল পারা যে হইমু রে। সকলি ফুরা'ল স্মৃতি যে রহিল: যাতনা মর্ম্ম বেদনা রে। ধিকি ধিকি জুলে মর্মের তলে চিতা ও চিন্তা অনল রে।

>>

#### সব্বময় ।

ভৈরবী—চিমে তেতলা।

কুমতি স্থমতি হরি,

তোমারি কুত।

তোমারি চক্রে চক্রপাণি

ঘুরিতেছি অবিরত।

তুমি যা' করাও হরি,

তখনই ভা' আমি করি,

তুমি না করিলে হরি

আমি কি করিতে পারি---

ধর্মাধর্ম, কর্মাকর্ম কি জানি অচ্যুত !

হে অব্যয় হে অনন্ত

কে পায় তোমার অন্ত

কুতান্ত যে শান্ত হয়

স্মরিলে হে জগন্নাথ।

তুমি স্বর্গ, তুমি মর্ত্ত্য, তুমি রসাতল,

( তুমি ) ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্বর্গ ফল,

( তুমি ) অচল চলাচল

ভোমাতেই সব বিরাজিত।

# ব্যাকুলতা ।

লশিত-ভৈরবী-একতালা।

কৈ কৃষ্ণ, কোথা কৃষ্ণ, কুঞ্জে এল কৈ। প্রাণ নাহি রহে আর প্রাণকৃষ্ণ বই॥ শ্যামের বিরহ শমন সমান বিরহ-অনলে বাঁচে কি পরাণ. অবলা সহিব কত গো যাতনা বলনা বলনা ও প্রাণ সই॥ কুঞ্জ-কুটীর যতনে সাজামু বনফুল তুলি' মালা যে গাঁথিসু যামিনী যাপিতে শয়ন রচিমু প্রাণেশ আইল কৈ ॥ বিফল আশা বিফল সকলি শুকা'ল, ঝরিল কুস্থমের কলি. বল গো সজনি খ্যাম গুণমণি

আইল হেথায় কৈ ॥

# রঙ্গিণী।

ধানসী--- যৎ। क जूमि ला विस्निमी, কাহার রমণী, চেনা যেন মুখখানি; ওগো খ্যামাঙ্গিনী অনঙ্গ রূপিনী, শ্যাম অনুরূপিনী। অঙ্গ ভঙ্গী বাঁকা ফুলতমু ঢাকা সকলি কালার মত। চাহনি, চলন, কামুর মতন নথে ঝরে চাঁদ শত--হৃদয়ে ধরিতে সাধ যায় চিতে, আমি যে কৃষ্ণ-ভাবিনী। শ্যাম ভাবিয়া রাখিব ধরিয়া ভোমারে হৃদয়ে ধনি।

১৪ নিবারণ।

ইমন-পুরবী—কাওরালী।
শ্যাম চরণ ধরিয়ে কর একি রক্স।
করেছি বাসনা ছাড়িতে তব সক্ষ।
করি' প্রেম সাধ
ঘটেছে বিষাদ
সাধে বাধ সাধিলে ত্রিভক্ষ।
যাও শঠরাজ,
নাহি তব লাজ,
করি মানা ছুঁইও না আমার এ অক্স।

<sup>১৫</sup> আ**হ্বান**।

মিশ্র-তৈ রো—দাদ্রা।

চন্দ্র কিরণ হইল মলিন

উঠ কৃষ্ণ চন্দ্র হে।

মেল মেল চারু আঁখি

গাহে শুক সারী হে।

পূরব গগনে

উজল কিরণে

উদিল নবীন ভাসু হে।

কুঞ্জে কুঞ্জে
ভ্রমর গুঞ্জে
মধুর নধুর লোভে হে।
অলস ত্যজিয়া
উঠলো জাগিয়া
শ্যাম সোহাগিনা হে।
পোহাইল রাতি
উঠ রসবতি,
উঠ উঠ দোঁহে হে।

প্রাণ <del>জু</del>ড়ায়।

ভৈরবী—মধ্যমান।
গোধন লয়ে রাখাল রাজ।
কে যায় কে যায়।
চরণে চরণ দিয়ে বাঁশরী বাজায়।
শিরে বাঁধা শিথি চূড়া,
চারু অজে পীত ধড়া
কি মোহন গুঞ্জ বেড়া
হেরে নয়ন জুড়ায়।
অধরে মুরলী বাজে
ভাল সেজেছে রাখাল সাজে
রাধে রাধে বাঁশী বাজে

# অভয়-যাচ্ঞা

কীর্ত্তন-একতালা।

জয় বিশ্বন্তর নদীয়া স্থন্দর ভূবন পাবন কারণ হে অনাথ বান্ধব তুমি হে মাধব সর্বব অবতার সার হে। গোর কলেবর হেম মহীধর, শুদ্ধ স্থবরণ শাশ্বত হে। ললিত কীৰ্ত্তন ললিত নর্ত্তন. পুলক স্পন্দন ললিত হে। কি হবে কি হবে ভয়ে মরি ভেবে. নিজ গুণে নাথ উদ্ধার হে। তার হে তারক নিখিল পালক,

মম সম ভীত জীবে হে।

### রূপ

কীর্ত্তন-একতালা।

স্থন্দর মদন মোহন বেশম্। তরুণ অরুণ চরণ কিরণ रेन्द्र रात्र मूछ मधुत राजम्। মরকত মুকুর মুখ-পক্ষজ মুরলী মুখরিত ললিত তানম্। পুলকিত যমুনা চঞ্চল গমনা ধীরি ধীরি বহে উজানম্। নয়ন খঞ্জন অঞ্জন গঞ্জন, মনোহর তিলক রসালম্। মঞ্জীয় রঞ্জিত মুকুতা খচিত শোভিত কোমল চরণ কমলম্। স্থকেশ কুঞ্চিত শিখণ্ড ভূষিত, গগু স্থশোভিত—বিশাল ভালম্।

গ্রীবাবলম্বন
চুম্বিত চরণ
বিলম্বিত স্থানর বনফুল হারম্।
শ্রীকর বলয়,
কুগুল, মণিময়
কনক কিঙ্কিনী কটিতট বাসম্।

ময় ভবপকে সারদা আতকে কুরু করুণা— কুপা অবশেষম্।

なく

ンシ

# मक्रम गीजि

মিশ্র-ইমন-একতালা।

পীতাম্বর নীল কলেবর

ञ्चन्तर नग्रन तक्षन।

ললিত মাধুরী ঝরিছে অস্কে

(সে) নিখিল জন রঞ্জন।

মুগ্ধ জগত

চন্দ্রমা শত

মোহিত চরণ ছন্দে

দেব দানব

যক্ষ মানব

নিখিল ভূবন বন্দে।

সে যে গো অতুল

নাহি তা'র তুল

जुल इन्ह वक्तन।

গাহিব সভত

(তাঁর) মঞ্চল গীত

করিব সে নাম কীর্ত্তন।

# এদ গো কিশোরী এদ গো।

কার্ত্তন-ইমন-পুরবী-একতালা।

এস গো কিশোরী এস গো কিশোরী কিশোরী আমার প্রাণ। আকুল বাঁশী গগন পরশি' ছাড়িল ললিত তান। অবলার হৃদি, মরম যে ছেদি । করিল গো খান খান।, মাতাইয়া প্রাণ কুল মজানে

# यूत्रली त्रद्र ।

মুলতান—আড়াঠেকা।

মোহন মুরলী বাজে।
কালিন্দীর কুলে সাঁঝে সকালে
গুরু গুরু হিয়ার মাঝে।
বাজে রাধা ব'লে.

ভাসি নয়ন জলে, বাজের অধিক বাজে।

কেমনে গো যাই

উপায় যে নাই,

রহি গুরুজন মাঝে। উদাস বাঁশী

করিল উদাসী

বিমনা যে গৃহকাজে।

সরম ভরম সকলি গেল যে কুলবালার কি তা' সাজে।

ঐ বাজে মুরলী বাজে ॥

### আশাপথে।

রামকেলী--আডাঠেকা। আছি আশা-পথ চাহিয়া---বিরহ শয়নে শুইয়া। কণ্টক সমান কুস্থম শয়ন সারানিশি জাগি কাঁদিয়া। পঞ্চমের তানে এ লতা-বিতানে বিয়োগে বেহাগ গাহিয়া। পূরিত পূলকে আশার আলোকে আঁধার গেল গো কাটিয়া। মরমের ব্যথা সরমে আবরি আবেগে আকুল হইয়া। কোথা' বাজে বাঁশী যাই দেখে আসি ধরি গিয়ে তা'রে খুঁ জিয়া।

# পরাণ শীতল করহে।

লগ্নী-পাহাডী---যৎ এস হে বঁধূ এস হে। স্বপনে হারাণ আমার রতন **জাঁখি ভরি' ভোমায় দেখি ছে** দিবস যে গেল যামিনী পোহাল নিশিভোরে তুমি এলে হে— কত যে যাতনা তুমি ত জান না মরমে আমার আছে হে। আশাপথ চেয়ে ভোমারে স্মরিয়ে আকুল নয়নে কাঁদি হে---কোমল চরণ শীতল পরশে পরাণ শীতল কর হে।

₹8

# माश्रा ।

তুকী-কীর্ত্তন- একতালা।

মরি মরি কিবা নেহার স্থন্দর

যুগল কিশোর কিশোরী;
নবীন নীরদে চমকে চপলা

তুলিয়া ভাবের লহরী।
কুঞ্জ কাননে ফুটিয়াছে ফুল

মধুর স্থবাস বিতরি',

মধু পরিমল মধুর শীতল

বিকাশে মদন-মঞ্জরী।
কুস্থম-আসন করিল রচন

যতেক ব্রজের স্থন্দরী, সোহাগ করিয়া বঁধূরে লইয়া করিল পিরীতি চাতুরী। মুরলী। ~~~ ২৫

### নীরাশা।

ললিত-ভৈরবী—ঢিমে তেতলা।

শুকা'ল শুকা'ল মালতির মাল
গন্ধহীন যে চন্দন,
পূরব গগনে আলোকে ঝলকে
শিথিল কবরী বন্ধন।
মলিন চাঁদিমা গগনের গায়,
নালনী নয়ন মেলিয়া যে চায়,
শাখীশিরে ওই শুক সারি গায়
প্রেম-স্থাখে নাচে খঞ্জন।
নয়নের বারি নয়নে শুকা'ল,
শৃত্য পরাণে বিরহ জাগিল,
তবুত এল না করিয়া ছলনা
বুঝিল না ব্যথা বেদন।

# অহুরোধ।

टिंग्डि—य९।

মনে রেখ দে'খ দে'খ

এস এস প্রাণ সধা;
বিষাদিনী ভাসি নীরে

পুনঃ কিছে পাব দেখা।

মোহন মুরতী তব

হৃদয়ে রহিল আঁকা;

পূজিব মানসে তব

চরণ শরণ মাধা।

খুলে গেছে প্রাণ মন

সরমে যা' ছিল ঢাকা,

নয়নে হৃদয়ে কভু

মুছিবে না রূপ রেখা।

# তৃপ্তি।

ভৈববী-একতালা। মন-বন মম পুলকিত করি' মন-বাঁশী একবার বাজত: হৃদয়-কন্দরে প্রেমের ঝঙ্কারে রাধে রাধে একবার গাহত'। হৃদয় আকাশে নীলিমার মাঝে শারদ চাঁদিমা হাসত': क्रमय-छिनी कल कल नारम তুকুল উছলি' বহত'। মন-বন বিহারী কিশোর কিশোরী হৃদি-বুন্দাবনে হেরত: নবঘন মাঝে বিজলীর ছটা মন নয়ন হেরত। नवीन नीत्रम गत्रिक' मधुत বর্ষি শীতল করত'. ত্রিতাপে তাপিত কলুষিত চিত শান্তি বারিতে মুছত'।

### মেঘে মেঘে গেল বেলা।

ভৈরবী-একতালা।

ও মন, দেখ্তে এসে ভবের মেলা
কর্লে তুমি ছেলে খেলা।
আপন ভুলে মায়ায় পড়ে
কর্লে কত র্থা সলা।
মরণ পথে যাত্রী কত
সন্ধী গেল কত শত,
বাজে কাজে দিন হারা'লে
আসল্ কাজে ক'রে হেলা।
জালায় জালায় হ'লে সারা
কাজ না হ'ল তোমার সারা
ভাবন সারা রইলে ব'সে
মেঘে মেঘে গেল বেলা।

# টুটল ভ্ৰান্তি।

মিশ্র-কীর্ত্তন---ষং। অতিয়ে নটবর, বাওয়ে স্থন্দর, ঘন বেণু তান রসাল। হিয়া মাহ পৈঠল রূপ নির্মল, আকুল পত্থে দরশাল। মুরতি উজর, শ্যাম মনোহর. কিয়ে নব জলধর কান্তি। চাতক এ চিত ভৈল তিরপিত, টুটল মরীচিকা ভ্রান্তি। অপরূপ রূপ. রসিক ভূপ, পিউ বঁধূ নন্দ তুলাল আও মেরি কাস্ত তোঁহারি একান্ত কুরু করুণা শরণ্য পাল।

### মানস।

মিশ্র বেহাগ—এক তালা। কেহে নটবর বেশে. কে রমণী তব পাণে. युत्रली व्यथदत মধুর ঝকারে রাধা রাধা ব'লে নয়ন ভাসে। ও রূপ মাধুরী নয়নে নির্থি আজি মম সফল যুগন আঁখি. হৃদয় শতদলে যুগলে রাখি মম নিরম্বর হামর হেরিতে মানসে। চিনেও চিনিতে নারিমু তোমারে ধরা দিতে তুমি না চাও কা'েন, ভক্তের ভক্তিতে দাও ধরা অনায়াসে। সেই ভক্তিকণা দাও কাল সোনা,

ধরিলে হোমারে ঘুচিবে যাতনা, শ্রীনন্দনন্দন পুরাও এ কামনা দাও শ্রীচরণ এ অধম দাসে।

#### निदयथ।

বেহাগ-কীর্ত্তন--- বৎ।

নিঠুর নটবর তাপিত কলেবর তব অকরুণ শ্রীকর পরশে। চতুর হে সর সর, আমি দুখে জ্বর জ্বর, আর স্থুখ নাহি তব দরশে॥

অঞ্চ অবশ রক্তে শিহরে,
সঙ্গ ভোমার পুলক বিভরে;
সব ভেয়াগিয়া হইনু যে শব
ভূবা'লে ভূমি গো কি রসে।
যারে আঁজর জ্বানে জ্ব জ্ব
স্থাতল নাহি তব হিম কর পরশে।

মুরলী। ———

#### কি আর কহব আন।

খামাজ কীর্ত্তন মধ্যমান। মুগ্ধ মঝুমন পাওয়ে দরশন ভাওয়ে কুঞ্চ ভবন। স্থধা বরিষণ মধুর বচন শান্ত ভৈল প্রাণ॥ শ্রীকর পরশে ভরল হরষে ভোলেই সাদর সম্ভাষে তব দরশে নীরস সরসে ফুটল শতদল জীবন কান্ত। मध समग्र भिक्त रहेन উদল নব বসস্ত। বিরহ বিধুরে নিতল মধুর তুঁহা বধু মম প্রাণ। মধুর যামিনী আকুল ভামিনী কি আর কহব আন ।

যুরলী। ~~~

#### বাসর সজ্জা।

निक्-थायाक--य९।

এসহে বধু এস বাসরে। স্থশোভিত করি ফুলদল দিয়া তুষিতে যদি পারি তোমারে।

অগুরুর বাস, তুমি ভালবাস,

শ্রাম কলেবর করিব চর্চিত, সাজা'ব তোমায় বনফুল হারে।

এস নিভৃত কুঞ্চে ব'স পুলক পুঞ্চে কত আশে আমি রয়েছি ব**সি**য়া

ধোয়াতে চরণ আঁখি ধারে। এস এস হে বস বস হে

হৃদয়ে আমি পেতেছি আসন ভৃষিত তুমি গো হইবে শাস্ত আমার প্রেমের নীরে।

### বিপদ।

মিশ্র-কীর্ত্তন-ত্রিতালী।

সখি, না এল কালা কুঞ্চে। রজনী পোহা'ল মন আশা বিফল বঁধু যে গো চন্দ্রাবলী কুঞ্চে। কনক কিরণ তপন প্রকাশে. মলিন চক্রিমা হাসি। গন্ধ বিহীন মালতী কিংশুক শুক কুমুম রাশি। দিগন্ত ব্যাপিয়া গায়িল কোকিল মধুর মধুর তানে। ভ্রমর আকুল হইয়া ধাইল মত্ত মধু পানে। হৃদয়-সরোজে না বসে ভৃত্ মধুর মধুর গুঞ্জে। র্থা বন আমোদি কুঞ্চ কুটীর বিবিধ প্রসূনে রঞ্জে।

# রাতুল চরণ ধরিয়া।

মিশ্ৰ কীৰ্ত্তন-একতালা। কত যে যাতনা পাই দিবা নিশি স্থ মৃশ্ধ হইয়া. অকুল পাথারে ভাসি গো আঁধারে **मिवम याभिनी** काँ मिया। তোমার কুলের নাহিক কিনারা হরি রহি বল কি ধরিয়া, বলে দাও মোরে কোন্ দিকে যাই অধীনে করুণা করিয়া। অকুলে যদি দাও তুমি কুল অমুকুল নাথ হইয়া, অনাথে সনাথ হও ওগো নাথ হৃদয় কমলে-বসিয়া। শীতল হইবে তাপিত হৃদয় তোমার করুণা লভিয়া, অকুলেতে পার অনায়াসে হ'ব রাতুল চরণ ধরিয়া।

# আতা সমর্পণ।

পরজ-ভৈরবী-একতালা। স্থাে ছখে দিন যা'বে। যখন এসেছ হে ভবে জানিনা কি হ'বে —পাইব তোমারে কবে १ সুকাজ, সুখ্যাতি কুকাজ, অখ্যাতি না জানি ভালে কি হ'বে। তুমি যা' করা'বে তাহাই ঘটিবে দোষগুণ তোমারই র'বে। "আমি" "আমি" করি বুঝিবারে নারি "আমি" "তুমি" না—"তুমি" "আমি" হ'বে।

# আশাঙ্কা।

মিশ্র পুরবী—ত্রিতালী। কি হ'বে কি হ'বে. প্রভা ভয়ে মরি ভেবে। (पर क्या कीन. আয়ু হ'ল হীন. ৰূপা যাওয়া আসা বুৰি ভবে॥ रयोवन शत्रव एक्टव एम्थ मन, সে দেহ এখন রিপুর মতন---ছিলে হে সক্ষম, এখন জক্ষ অতি জরাজীর্ণ এবে ॥ হ'য়ে দৃষ্টিহীন ( এবে ) मीन शाउ मीन. অধীনের কটা দিন কেমনে কাটিবে. করহে উপায়, আমি নিরুপায়, কেমন দয়াময় তুমি এবে জানা যাবে॥

মুরলী। ~~~ ৩৮

# সাধের বাঁধন

ইমন-পূরবী-একতালা। আর কত দিন রাখ্বে বল ভাঙ্গা ঘরে দিয়ে তালি। দেহের বাঁধন খুল্ল রে মন হরি ব'লে দাও না তালি। হ'ল যে গো জীবন ফরসা কর মিছে কিসের ভরসা. ময়লা মাটি মনে পোরা কর্নারে মন সে সব খালি। যা'রা তোমার নয়ন তা'রা পলে যা'দের হও হে হার তা'রা মায়ার দড়ি দিয়ে সাধের বাঁধন দিচ্ছে খালি ৷

# উপায় আমার করহে।

**मि**≝-ইমন---य९।

আমি—বিভোর নেশায়, দম্ ছুটে যায়,
আমার উপায় কর হে।
মাতাল দেখে ছয় বেটাতে
ভবের খোরে খোরায় হে॥
এরা চ'খ্ যে রাস্কায়
কাজ সেরে নেয়,

গুলিয়ে আমায়

**जू**निए र ।

নাইক সরম্, ধরম্ করম

গেছে আমার সকল হে॥

ঘরে ফেরার সময় হ'ল

আমি—কোন্ পথেতে ফিরি হে।

আমি নেশার ঝোঁকে

পড়ি ট'লে

সামাল দিতে নারি হে॥

আমার কাটাও নেশা,
কেবল আশা
দীনবন্ধু তোমার হে।
তুমি আঁধার রাতে
দ্বালিয়ে বাতি
উপায় আমার কর হে॥

#### নাম মাহাত্য।

গোরী--আড়া। বিশ্ব মঞ্চল কীর্ত্তনে— দীপ্ত তপন চন্দ্ৰ তারকা গাহে গো সকলে গগনে। কুলু কুলু তান জাহুবীর গান তোমার বিশ্ব ভবনে ; ফুটিছে কুস্থম ছুটি'ছে গন্ধ তোমারি পূজার কারণে। ওই শ্বিজ কুল হইয়া আকুল ডাকি'ছে ভোমারে সঘনে, শ্রীমঙ্গল দার খোলহে ভোমার

দাওহে শরণ চরণে।

8>

## কাল ভয় নাশম্

খামাজ-ভৈরবী--একতলা। ভাওয়ে বংশীবট ভাওয়ে যমুনাতট, ভাওয়ে মুরারি স্থবেশম্, নিরুপম রূপ ব্ৰজধাম ভূপ, মৃতু মৃতু মঞ্চল হাসম। রাতুল চরণ শ্মন দমন করুণা অরুণ বিকাশম, नवीन नीव्रम यमन विदनाम গোপীকাকুল হৃদয়েশম। মাধব, মোহন, নীলিমা বরণ নীলমণি জ্যোতিঃ প্রকাশম, শিরপরে মুকুট কিবা নবছটা---পীতাম্বর বিভাসম্।

নীপ তরুতল
নির্মাল যুগল
গুণালক্কত বিশেষম;
মরণ সক্কট
নিকটে প্রাকট,
বিকট কাল ভয় নাশ্ম।

# পাবনা তারে কি হায়।

বেহাগড়া মিশ্র কীর্ত্তন-- ব্রিভালী। কেবা ওই নেচে নেচে যায় গায় হরিনাম: পুলকে পুরিত ভূবন মোহিত— (হেরি) মদন মোহন ঠাম। আঁখি বারি ঝরে. নাচে প্রেম ভরে ভুলেছে সে আপনায়: প্রলাপ বিলাপ, গানেতে আলাপ করে সে প্রেম মদিরায়। এ হেম মুর্জি জগজন পাত ধুলি ধৃসরিত কায়; বিকাইতে পায় প্রাণ মম চায়, পাব না ভা'রে কি হায়।

# পুরুষ ও প্রকৃতি।

মিশ্র বেহাগ—একতালা। মৃত্রল মধুর ললিত হাস বদন চন্দ স্থমা রাশ জিনিল তমু দামিনী: হরিণ নয়না ক্ষীণ কটি, পীন্ধন চারু নীলিমা ধটী. উরু গুরু, ভীরু কিবা গজ,গামিনী 🖰 ললিত যুগল কুচ রুচ. উজল কনক শিখর উচ. মদন মোহন মনমোহিনী। ভাবে ঢল ঢল কিশোরী রাই. বিখে তাহার তুলনা নাই, বিহার-রঙ্গে রঙ্গিনী। নীলিম গগনে চন্দ্ৰিকা হাসি. তারা মালা সহ পড়িল খসি'. লুকা'ল চরণ নখর কোণে। মরি শ্রামাঙ্গে মিশিল শ্যাম---বিনোদিনী।

মূরদাী। ~~~~ ৪৪

### প্রেম ভিক্ষা।

মিশ্র পিলু—যৎ। গাহিতে ব'লনা গান— আমি যে গো জানিনা : সাধনার স্থবে আমি কখনও ড' সাধিনা। যে গানে কামিনী কুল, ত্যজি' অনায়াসে কুল আপনা হারা'য়ে সবে জুড়াইল যাতনা: যে গানে মজা'ত কালা ব্ৰজ কুল ললনা-সে গান গাহিতে সথি আমি ত গো জানিনা। প্রাণে প্রাণে ভালবাসি, গোপনে গোপনে আসি. প্রেম-ফুল রাশি রাশি পরাইব বাসনা। শিখিনি গাহিতে গান. শিখেছি গো দিতে প্রাণ. তুমি কি আমার সখি,
তুমি কি গো হ'বেনা;
তোমার হয়েছি আমি,
হ'বে কি আমার তুমি,
করে ধ'রে সাধি আমি
প্রাণ খুলে ব'লনা;
ও আমার প্রেম-রাণি,
তুমি গো প্রেমের খনি,
হৃদয়ের উপহার
লহনা গো লহনা,
জুড়াক্ সকল জ্বালা
দূরে যাক্ যাতনা।

# मामी।

বেহাগ—আড়া।

( বৃঝি ) কুঞ্চে এল শ্যাম।
( তাই ) গাইল স্থা শুকসারি
মা'ত্ল গোপীর প্রাণ॥
বাঁশীর স্থারে জগত ভরে
ব'য় যমুনা উজান ভরে
এম্নি প্রেমের টান্।
আয় আয় দেখে আসি
চিদাকাশের কালশশী
ভাঁর চরণে হ'ব দাসী
দিয়ে মন প্রাণ॥

# নামের নাহিক তুলনা।

চৌড়ী-ভৈরৰী—একতালা।

আমি—ধ্যান ও ধারণা করিতে পারিনা,
তা' বলিয়া নাথ দেখা কি পাবনা—
দাওহে নয়ন, হেরি শ্রীচরণ
নতুবা যে প্রভো বাঁচিনা॥
ভকতি শকতি বঞ্চিত আমি
কি গুণে তরিব বলনা,
কলুষ-পূরিত হৃদয় আমার
জড়িত পাপ-কামনা॥
তোমারে সাধিতে ভুলিমু দীনেশ
বিফল সকল সাধনা,
তরিব তথাপি তোমারি নামেতে
নামের নাহিক তুলনা॥

यूत्रणी।

00

# অতুল্যা।

দেশ-মিশ্রিত কীর্ত্তন-একতালা। ও রাই তুমিত প্রেমের মূল। আমার মূরতি এঁকেছ হৃদয়ে— ভেক্তেছে আমার ভূল। তুমি গোকুলের কুলে আপনা ভুলিলে ত্যজিলে প্রথমে কুল। নয়ন-আসারে নিশির শিশিরে গাঁথিলে যতনে ফুল। তবে---মাধবীর তলে मां भाना गतन নাহিক ভোমার ভূল-ভবে—না হেরি তোমার তুল ॥ C 1)

#### নব সাধ।

কীর্ত্তন-একতালা।

আমার মরা ত হ'লনা। মরিবার সাধে ঘটিল যে বাদ कि र'रव शा मिथ वन ना। যদি শ্রাম রায় আসে পুনরায়— প্রাণ যদি রয়, দেখা যদি হয়, দিবস যামিনী—এইত ভাবনা। মরিলে দেখা আর ত হ'বেনা, মনেতে রহিবে মনের বেদনা পরাণের সাধ পরাণে মিলা'বে বলিবার কথা বলা ত হ'বেনা। হয়েছে বিগত শতেক বছর তথাপি আসিবে আমার নাগর, শীর্ণ দেহে হ'বে যৌবন সঞ্চার তরুলতা ফুল শুকা'য়ে রবেনা। বেজেব বিপিনে বাঁশরী বাজিবে শুক সারি শিখি নাচিবে গাহিবে, আবার যমুনা উজানে বহিবে অন্তর্হিত হ'বে অন্তর-যাতনা।

यूत्रमी : ~~~~ (१२

## প্রীতির আগুণ।

কীর্ত্তন-খাম্বাজ-একতালা। স্থি, আমার করম ফেরে— চাঁদিমা শালিনী এ মধ যামিনী वँभू रंगन रय भरत्रत घरत । সখি. শুন গো মরম কথা---ভাবিয়া আপন করিমু যতন মোরে দিল সে অশেষ ব্যথা! প্রাণে সহে কি এমন জালা.— ক'রে নাগরালি—এত চতুরালি ছি ছি এমন নিঠুর কালা ! সখি, ডুবিব যমুনা জলে— মরিয়া বাঁচিব, আর না করিব আমি পিরীতি গো কোন কালে! সখি, পিরীতি বিষম জালা---পিরীতির বিষে জ্বলিয়া মরিমু আমার রিষ বিষে দেহ কালা। সখি, সহিব কেমন ক'রে— আমার রতনে রাখিমু গোপনে ছলে হরণ করিল পরে।

### বারা ফুল।

ঝিঝিট-খাম্বাজ-একতালা।

বসেছিলাম আপন মনে

স্থেলে দিয়ে আশার আলো,
আশার আশে সব ফুরা'ল

স্থেথর আলো নিবে গেল।
ফুটেছিল দিনেকের তরে,
আতপ তাপে শুকিয়ে গেল—
ফুলের দল গেল ঝ'রে,—
গন্ধছিল—গন্ধ-বহ
তা'ও নিল হরে!
এখন কেমন ক'রে
নয়ন জলে—

œ8

## বিচ্ছেদ পরশে।

মিশ্র কীর্ত্তন-একতালা। বিষাদ-ঘন বরুষে। সরোষে পবন বহে সনসন চমকে নয়ন তরাসে। রাই মুখ-ইন্দু স্থধার সিন্ধ বিরহ-রাহ্ন গরসে: কম্পিত থর থর, কালিম কলেবর অধীর বিচ্ছেদ পরশে। কঠিন কুটীল, অন্তরে গরল সঁপিলি প্রাণ কি ভরসে १ বিধিমতে জানি বিপথ গামিনী করাইল মাধব তোঁহে : বচন রসালে কামু মজালে ভুলাইল যাতুকর মোহে। কাহে সই ব্যাকুল খোয়ায়িলি কুল না মিলি' তাঁক দরশে: কেতকী কুস্থম কণ্টকে যেমন— ভুঙ্গ নাশে সরস বাসে।

# একাকার।

খট্—হৎ 1

আমার ভূল ভেক্সে দাও হরি,
আমি মানস পটে তোমায় হেরি ;
ভব্ব খুঁজ্ভে হ'লাম মন্ত
খ্যা হারিয়ে মরি ;
মূল ভব্বে মূলাধার
জ্যোভির্মায় একাকার—
সাকার কি নিরাকার
বুঝিতে না পারি ।

### বিশ্বরূপ।

বন্দাবনী সারং—একতালা।

আমি দেখিতে না পাই খুঁজিয়া বেড়াই
আলোক আঁখারে তোমারে।
এত আছ কাছে, ধাই পাছে পাছে
তবু না পারিমু ধরিবারে।
নয়নের ধাঁধা যেন দেয় বাধা
আছহে প্রভা ব্রহ্মাণ্ড জুড়ে;
ছুটে ছুটে যাই খুঁজিয়া না পাই
দাও দেখা নাথ আমারে।

সমাপ্ত।